

জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কক্ষে তালা দিলেন শিক্ষকরা

■ মৌলভীবাজার প্রতিনিধি

মৌলভীবাজার জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের অফিস কক্ষে তালা দিয়েছে স্থানীয় প্রাথমিক শিক্ষকরা। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত এক আদেশে মৌলভীবাজার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার পঞ্চানন বালার স্থলে খাগড়াছড়ি পাবনা জেলার জেলা শিক্ষা অফিসার সিরাজুল ইসলামকে মৌলভীবাজার জেলা শিক্ষা অফিসার হিসেবে বদলি করা হয়। খবর পেয়ে সারা জেলার প্রাথমিক শিক্ষকরা জেলা প্রাথমিক শিক্ষা অফিসের সামনে সকাল থেকে জড়ো হতে শুরু করে এবং এক পর্যায়ে বিক্ষুব্ধ শিক্ষকরা জেলা শিক্ষা অফিসারের অফিস কক্ষে তালা বুলিয়ে দেয় এবং অফিসের সামনে এ রিপোর্ট লিখা পর্যন্ত অবস্থান নেয়। জানা যায়, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার পঞ্চানন বালার গত ২৪ নভেম্বর থেকে ৩০ নভেম্বর পর্যন্ত ছুটিতে রয়েছেন। মৌলভীবাজার সরকারি প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি রুহেনা আক্তার ও সাধারণ সম্পাদক সুদীপ কুমার ভট্টাচার্য ঘটনার সত্যতা স্বীকার করে ইত্তেফাককে বলেন, বদলির আদেশ বাতিল করা না হলে তারা কঠোর কর্মসূচি পালন করবে। এদিকে শিক্ষকদের অবস্থান কর্মসূচির কারণে জেলা প্রাথমিক শিক্ষা অফিসের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।